Bengali

# বাড়ির ভাষার মাধ্যমে পারিবারিক বন্ধন


পরিবারের সাথে যোগাযোগ ও সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে বাড়ির ভাষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পরিবারের সাথে যোগাযোগ ও সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে বাড়ির ভাষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাড়ির ভাষায় পরিবারের ইতিহাস, অভিজ্ঞতা ও সাংস্কৃতিক গল্প ভাগ করে নিলে শিশুদের কথা বলার দক্ষতা বৃদ্ধি পায়। নিজের ভাষায় পরিবারের সাথে কথা বললে শিশুরা নিজেদের পরিচয় সম্পর্কে আরো শক্ত ধারণা পায়। ভাষা, আসলে, আমাদের পরিচয়ের একটি গুরুত্বপূর্ণ অংশ।

পরিবারগুলোকে তাদের বাড়ির ভাষা ব্যবহার করতে উৎসাহিত করুন:

- মুখে মুখে পরিবারের গল্প বলার জন্য
- প্রিয় গান গাওয়ার জন্য
- একসাথে বই পড়ার জন্য
- আশেপাশের সাইন, লেবেল বা অন্যান্য লেখা/ছবি পড়ার জন্য্
- বিভিন্ন ঘটনা, গল্প, সিনেমা বা খেলা নিয়ে আলোচনা করার জন্য্
- শিশুদের কোনো কিছু কীভাবে করতে হয় তা হাতে-কলমে দেখানোর জন্য্
- শিল্পকর্ম বা ক্রাফ্ট তৈরি করার জন্য

সমৃদ্ধ সাংস্কৃতিক ও ভাষাগত আদান-প্রদান শিশুদের আত্ম-পরিচয় ও প্রাথমিক ভাষার দক্ষতা জোরালো করে। যখন শিশুদের প্রাথমিক ভাষা ও সংস্কৃতি শক্তিশালী হয়, তখন তারা যেকোনো ভাষা ও পড়াশোনা আয়ত্ত করতে পারে।



পরিবারের সাথে সম্পর্ক জোরালো করার আরো রিসোর্স বা উপকরণ পেতে ভিজিট করুন wida.wisc.edu/teach/learners/engagement

WIDA is housed within the Wisconsin Center for Education Research at the University of Wisconsin-Madison. © 2020 The Board of Regents of the University of Wisconsin System, on behalf of WIDA